



বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
স্বাধীনতা ভবন
৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.bffwt.gov.bd, Fax-02-9562258

বিষয়ঃ এপ্রিল ২০১৯ মাসের Innovation and Policy Suggestion সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ০৭/০৪/২০১৯
সভার সময় : বেলা ১১.০০ টা
সভার স্থান : ৮৮ মতিঝিলস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সভাকক্ষ।
সভাপতি : জনাব সাঈদ মাহমুদ বেলাল হায়দর, সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

সভায় কমিটির সদস্যবৃন্দের উপস্থিতি সংযোজনী-“ক”

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ইনোভেশন টিমের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থাপন করার জন্য ডিজিএম প্রশাসন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টকে আহ্বান জানান। ডিজিএম সভাপতির সম্মতি নিয়ে সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট পরিবর্তিত ফরমেটে সিটিজেন চার্টার তৈরি করেছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও CABINET DIVISION, এর Annual Performance Agreement Management System(APAMS) এর সাথে লিংক করা হয়েছে। তাই পরিবর্তিত ফরমেটে প্রণীত সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত কাজসমূহ যথারীতি সম্পাদন করা হচ্ছে।

ডিজিএম প্রশাসন, সভাকে আরো অবহিত করেন যে, মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS), ইনোভেশন টিম এবং তথ্য অধিকার আইন বাস্তবায়ন (RTI) সম্পর্কিত সভা প্রতিমাসের ১ম সপ্তাহে করার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। তৎপ্রেক্ষিতে ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা অব্যাহত আছে। সচিব ও ফোকাল পয়েন্ট সভায় অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS) সম্পর্কে অবহিত করেন যে, মার্চ ২০১৯ মাসে অভিযোগ প্রতিকার নির্দেশনা ২০১৫ অনুযায়ী ট্রাস্টে কোনো অভিযোগ পাওয়া যায়নি। এ বিষয়ে তিনি বলেন, এতদসংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া গেলে নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে অভিযোগ নিষ্পত্তি করা হবে।

সভাপতি, সভাকে অবহিত করেন যে, উদ্ভাবনী কার্যক্রমের বার্ষিক পরিকল্পনায় গৃহিত কাজ (যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহিদ পরিবার ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের ভাতা Message এর মাধ্যমে অবহিতকরণ, ডাটাবেইজ সফটওয়্যার এবং বজাবন্ধু ছাত্র বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের ডাটাবেইজ সফটওয়্যার) ০১-০৮-২০১৮ হতে ০১-০২-২০১৯ সময় নির্ধারণ ছিল। ইতোমধ্যে আলোচ্য সফটওয়্যার ৩টি ট্রাস্টের ওয়েবসাইটে সংযোজন করা হয়েছে এবং সফটওয়্যার ৩টি Host, Subdomain, server ip প্রতিস্থাপন সংক্রান্ত source file এর সিডি ও url and application form link, কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে Mr. Biswajit Tarapdar, Analyst (Certification), National Data Center (NDC), Bangladesh Computer Council (BCC) বরাবর প্রেরণ করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ই-নথির কার্যক্রম সফলভাবে পরিচালনা করে মার্চ ২০১৯ এ দপ্তর/সংস্থার (বেড় ক্যাটেগরি ৭১টি) মধ্যে প্রথম স্থান অধিকার করেছে।


ডিজিএম প্রশাসন আরও উল্লেখ করেন যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদেরকে শুদ্ধাচারসহ অভ্যন্তরীণ প্রশিক্ষণের জন্য অর্থ মন্ত্রণালয়ের প্রশিক্ষণ সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী বাজেট প্রণয়ন পূর্বক নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সভাপতির অনুমতি নিয়ে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মার্চ ২০১৯ মাস পর্যন্ত তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যাচিত তথ্য নিয়মানুযায়ী যথাসময়ে সরবরাহ করা হয়েছে। তিনি আরও জানান, তথ্য অধিকার আইনে কোনো অভিযোগ পাওয়া গেলে উক্ত আইন অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদনকারীকে চাহিত তথ্য সরবরাহ করা হবে।

চলমান পাতা/২

সিদ্ধান্তঃ

- (১) পরিবর্তিত ফরমেটে প্রণীত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান অব্যাহত রাখতে হবে;
- (২) অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় প্রাপ্ত অভিযোগ নির্দিষ্ট সময়সীমার মধ্যে নিষ্পত্তি প্রক্রিয়া চলমান রাখতে হবে;
- (৩) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কোনো চাহিত তথ্য নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদনকারীকে সরবরাহ করা অব্যাহত রাখতে হবে;
- (৪) নির্ধারিত ছক অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিবেদন পরবর্তী মাসের ১ (এক) তারিখ অথবা ১(এক) তারিখ ছুটি থাকলে পরবর্তী কর্মদিবসে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ করতে হবে;
- (৫) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইটে তথ্যাদি হালনাগাদ কার্যক্রম চলমান থাকবে;
- (৬) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম প্রণীত বাজেট অনুযায়ী সম্পন্ন করতে হবে;
- (৭) ২০১৮ সালের ন্যায় ই-নথির ফলাফল প্রথম স্থান ধরে রাখার জন্য ট্রাস্টের প্রত্যেক বিভাগ ও শাখাকে আরও দক্ষতার সহিত কার্যক্রম পরিচালনা করতে হবে;
- (৮) যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহিদ পরিবার ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের ভাতা অনলাইনে প্রদান, ডাটাবেইজ এবং বঙ্গবন্ধু ছাত্র বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের ডাটাবেইজ সফটওয়্যার Host, Subdomain, server ip প্রতিস্থাপন সংক্রান্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

অতঃপর আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (সোঈদ মাহমুদ বেলাল হায়দর)
 সচিব
 ফোনঃ ৯৫৫৫৫১৫
 e-mail: secy@bffwt.gov.bd

স্মারক সংখ্যা-৪৮.০১.০০০০.১০২.১৮.০১১.১৮/১১০

তারিখঃ


২৫ চৈত্র ১৪২৫
০৬ এপ্রিল ২০১৯

বিতরণ- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (শিল্প ও বাণিজ্য/কল্যাণ/অর্থ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন (চলতি দায়িত্ব), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ৪। উপ-মহাব্যবস্থাপক, কল্যাণ (চলতি দায়িত্ব), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ৫। উপ-প্রধান প্রকৌশলী বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।


 (সোঈদ মাহমুদ বেলাল হায়দর)
 সচিব